গাংনী উপজেলা ও পৌর ছাত্রলীগের নতুন কমিটির অনুমোদন

মেহেরপুরের গাংনী উপজেলা ছাত্রলীগের কমিটির অনুমোদন দিয়েছে কেন্দ্রীয় কমিটি। বৃহস্পতিবার আমিনুল ইসলাম সেন্টুকে সভাপতি ও আসিফ ইকবাল অনিককে সাধারণ সম্পাদক করে আগামী ১ বছরের জন্য কেন্দ্রীয় কমিটি এ অনুমোদন দিয়েছে।
বাংলাদেশ ছাত্রলীগের সভাপতি আল নাহিয়ান খান জয় ও সাধারণ সম্পাদক লেখক ভট্টাচার্য সাক্ষরিত চিঠি মেহেরপুর প্রতিদিনের কাছে পৌঁছিয়েছে।
একই সাথে পৌর ও ডিগ্রী কলেজ ছাত্রলীগের কমিটি বিলুপ্ত করে ডালিম রানাকে সভাপতি ও নাসিরুল ইসলাম মহনকে সাধারণ সম্পাদক করে পৌর কমিটি ঘোষণা করা হয়েছে। এদিকে দলীয় শৃংখলার পরিপন্থী কার্যকলাপে জড়িত থাকার অপরাধে ছাত্রলীগ নেতা ইমরান হাবিব, মাহমুদ হাসিব, আল মুস্তাকিম ও মানিক হোসেনকে সাময়িক বহিষ্কার করা হয়েছে।
গাংনী উপজেলা ও পৌর ছাত্রলীগের কমিটি অনুমোদন হওয়ায় শুক্রবার সকালে আনন্দ শোভাযাত্রা করেছে ছাত্রলীগ নেতাকর্মীরা। আনন্দ শোভাযাত্রা শহরের বিভিন্ন সড়ক ঘুরে বাসস্ট্যান্ডে সংক্ষিপ্ত সমাবেশের মধ্যে দিয়ে শেষ হয়।
শোভাযাত্রায় অংশ নেন গাংনী উপজেলা ছাত্রলীগের সভাপতি আমিনুল ইসলাম সেন্টু, সাধারণ সম্পাদক আসিফ ইকবাল অনিক, পৌর ছাত্রলীগের সভাপতি ডালিম রানা, সাধারণ সম্পাদক নাসিরুল ইসলাম মহন, মেহেরপুর জেলা ছাত্রলীগের সহ-সভাপতি ফয়সাল জাহান শিশির, শাহজাহান আলি, রাইহান সাংগঠনিক সম্পাদক মেহেরপুর জেলা ছাত্রলীগ, উপ-দপ্তর সম্পাদক শাহিন রেজাসহ ছাত্রলীগের বিভিন্ন পর্যায়ের নেতাকর্মীরা ।

মেহেরপুর জেলা ছাত্রলীগের আনন্দ র্যালী

ধর্ষণের সর্বোচ্চ শাস্তি মৃত্যুদণ্ড করায় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে ধন্যবাদ জানিয়ে মেহেরপুর জেলা ছাত্রলীগ আনন্দ র্যালী করেছে।

গতকাল মঙ্গলবারর বিকালে মেহেরপুর জেলা ছাত্রলীগের সভাপতি আব্দুস সালাম বাঁধন এর সভাপতিত্বে অনুষ্ঠানের শুভ সূচনা করা হয়, এসময় আনন্দ র্যালীটি মেহেরপুর পৌর কমিউনিটি সেন্টারের সামনে থেকে শুরু করে মেহেরপুর শিল্পকলা একাডেমির সামনে এসে শেষ হয়।

এই সময় বক্তব্য রাখেন জেলা ছাত্রলীগের সভাপতি আব্দুস সামাদ বাঁধন, সহ-সভাপতি দুলাল মাহমুদ, উল্লাহ শোহাগ, আমিনুল ইসলাম সেন্টু, শাহাজান আলী, যুগ্মসাধারণ সম্পাদক নাসিরুল ইসলাম মোহন, সহ-সভাপতি জুলকার নাঈম বাইজিদ, গাংনী পৌর ছাত্রলীগের সাধারণ সম্পাদক প্লাবন, শেখ সাকিব সাধারণ সম্পাদক মুজিবনগর, ধানখোলা ইউনিয়ন ছাত্রলীগের সাধারণ সম্পাদক ওয়াজেল হোসেন, মোনাখালী ইউনিয়ন সভাপতি গাজী স্বপন।

সঞ্চালনা করেন গাংনী উপজেলা ছাত্রলীগের সাবেক যুগ্মসাধারণ সম্পাদক আসিফ ইকবাল অনিক।

গণধর্ষণের আসামি ছাত্রলীগের সাইফুরের বিরুদ্ধে অস্ত্র আইনে মামলা

সিলেটের এমসি কলেজ ক্যাম্পাস থেকে ছাত্রাবাসে তুলে নিয়ে স্বামীকে বেঁধে স্ত্রীকে গণধর্ষণের ঘটনায় দায়েরকৃত মামলার আসামি ছাত্রলীগ ক্যাডার এম. সাইফুর রহমানের বিরুদ্ধে অস্ত্র আইনেও আরেকটি মামলা

হয়েছে। গণধর্ষণের ঘটনার পর শুক্রবার রাত ২টার দিকে এমসি কলেজ ছাত্রাবাসে তল্লাশি চালিয়ে সাইফুরের রুম থেকে একটি আগ্নেয়াস্ত্রসহ প্রচুর পরিমাণে দেশীয় ও ধারালো অস্ত্র উদ্ধার করে পুলিশ। এ ঘটনায় শনিবার সকালে তার বিরুদ্ধে অস্ত্র আইনে মামলা হয়েছে বলে জানিয়েছে পুলিশ।

করোনার কারণে কলেজ ও ছাত্রাবাস বন্ধ থাকলেও সাইফুর রহমানসহ ছাত্রলীগের কয়েকজন ক্যাডার ছাত্রাবাসে বসবাস করতো। ছাত্রাবাসে অবস্থান করে কলেজ ক্যাম্পাস, টিলাগড় ও বালুচর এলাকায় তারা নিয়মিত ছিনতাই ও অপহরণ করতো। রাতে ছাত্রাবাসে জুয়া ও মাদকের আসরও বসাতো বলে একাধিক সূত্র নিশ্চিত করেছে।

এদিকে, শুক্রবার সন্ধ্যায় দক্ষিণ সুরমার শিববাড়ির এক তরুণী স্বামীকে সাথে নিয়ে এমসি কলেজ ক্যাম্পাসে বেড়াতে আসে। এসময় ছাত্রলীগকর্মী এম. সাইফুর রহমান ও শাহ মাহবুবুর রহমান রনির নেতৃত্বে স্বামী ও স্ত্রীকে পার্শ্ববর্তী কলেজ ছাত্রাবাসে তুলে নিয়ে যায় আসামিরা। পরে সেখানে স্বামীকে বেঁধে রেখে স্ত্রীকে ধর্ষণ করে তারা।

এসময় ছাত্রলীগকর্মীরা ওই তরুণীর স্বামীর প্রাইভেট কারও ছিনিয়ে নেয়ার চেষ্টা করে। খবর পেয়ে পুলিশ এসে স্বামী-স্ত্রী ও তাদের প্রাইভেট কার উদ্ধার করে। পরে ধর্ষনের শিকার তরুণীকে ওসমানী মেডিকেল কলেজ হাসপাতালের ওসিসিতে ভর্তি করা হয়।

ঘটনার পর রাতভর অভিযান চালালেও ধর্ষণ ও অস্ত্র মামলার আসামি সাইফুর ও তার সহেযাগী কাউকে আটক করতে পারেনি পুলিশ।

সূত্র- বিডি প্রতিদিন

কুষ্টিয়া জেলা ছাত্রলীগের কমিটি বিলুপ্ত ঘোষণা

কুষ্টিয়া জেলা ছাত্রলীগের কমিটি বিলুপ্ত ঘোষণা করা হয়েছে।

কেন্দ্রীয় ছাত্রলীগের সভাপতি আল নাহিয়ান খান জয় ও সাধারণ সম্পাদক লেখক ভট্টাচার্য সাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

বুধবার দুপুরে সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয় কমিটি মেয়াদোত্তীর্ণ হওয়ায় কমিটি বিলুপ্ত ঘোষণা করা হয়েছে।

মেহেরপুরে ছাত্রলীগ নেতার বৃক্ষরোপণ কর্মসূচির সমাপনী অনুষ্ঠান

মেহেরপুর জেলা ছাত্রলীগের সাংগঠনিক সম্পাদক মাসুদ রানার বৃক্ষরোপণ কর্মসূচির সমাপনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। শনিবার মেহেরপুর শহীদ ড.সামসুজ্জোহা পার্কে এ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

এর আগে পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন এর সহযোগিতায় ও মাসুদ রানার উদ্যোগে ৭ হাজার বৃক্ষরোপণের কর্মসূচি হাতে নেওয়া হয়। একই আজ শনিবার মেহেরপুর ও মুজিবনগর উপজেলার বিভিন্ন ইউনিয়ন ছাত্রলীগের নেতা কর্মীদের হাতে গাছের চারা তুলে দেওয়া হয়।

সমাপনী অনুষ্ঠানে বক্তব্য দেন পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন, জেলা ছাত্রলীগের সাংগঠনিক সম্পাদক মাসুদ রানা। অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা ছাত্রলীগের সহ-সভাপতি আব্দুল বাসেত অভীক, মেহেরপুর জেলা ছাত্রলীগের সহ-সভাপতি মোহাম্মদ সান, মেহেরপুর জেলা ছাত্রলীগের উপ শিক্ষা ও পাঠচক্র বিষয়ক সম্পাদক হৃদয় খান, সাবেক মেহেরপুর সরকারি কলেজ শাখা ছাত্রলীগের উপ-প্রচার সম্পাদক ইয়াছিন আরাফাত ফাহিম, সাবেক শিক্ষা ও পাঠচক্র বিষয়ক সম্পাদক সাঈদ রানা, ছাত্রলীগ নেতা রাকিব, মান্না, শাকিল, সবুজ, আহানুর প্রমুখ।

মেহেরপুর দুই সাবেক ছাত্রলীগ নেতার বিরুদ্ধে মামলা

মেহেরপুর জেলা ছাত্রলীগের সাবেক সভাপতি বারিকুল ইসলাম লিজন ও সদর থানার ছাত্রলীগের সাবেক সভাপতি আনন্দর নামে আদালাতে মামলা ও সদর থানায় এজহার করেছে খোকন নামে এক ব্যক্তি। অজ্ঞাতনামা রয়েছে ৬/৭ জনের বিরুদ্ধে।

বুধবার দুপুরে এ মামলা করা হয়েছে মেহেরপুর আদালাতে। মামলা নং ১৯৯/২০। মামলা তদন্তের জন্য জেলা গোয়েন্দা পুলিশের(ডিবি) কাছে দিয়েছে আদালত। লিজন আমদাহ ইউপি চেয়ারম্যান আনারুল ইসলামের ছেলে। আনন্দ শহরের গোরস্থান পাড়ার আব্দুল বারি ছেলে।

মামলার বিবরণে জানা গেছে, মেহেরপুর সদর উপজেলা আশরাফপুর গ্রামের মৃত হাবিবুর রহমান হবির ছেলে খোকন কে মারপিট করেছে জেলা ছাত্রলীগের সাবেক সভাপতি বারিকুল ইসলাম লিজন ও সদর থানা ছাত্রলীগের সাবেক সভাপতি আনন্দ।

গত ১ আগস্ট ঈদের দিন বিকালে আশরাফপুর গ্রামের সোহাগ ও আশরাফুল নামে দুই যুবক সজিবকে এলোপাতাড়ি ভাবে কুপিয়ে জখম করলে মেহেরপুর জেনারেল হাসপাতালে চিকিৎসার জন্য ভর্তি করা হয়।

গ্রামের ছেলে হিসেবে সজীবকে হাসপাতালে দেখতে যায় খোকনসহ কয়েকজন। পরে লিজন ও আনন্দ সহ অজ্ঞাতনামা ৬/৭ জন হাসপাতালের ভিতরে গিয়ে খোকনকে বলে এই তোরা এখানে কি করতে এসেছিস এই বলে হত্যার করার উদ্দেশ্যে এলোপাতাড়ী মারপিট করে খোকনকে। পরে পুলিশ গেলে জখম করে তাকে ফেলে পালিয়ে যায়। যাওয়ার সময় হত্যার হুমকি দিয়ে বলে পরে দেখে নেব।

ছাত্রলীগ নেতা অস্ত্রসহ গ্রেফতার

ফেনীর সোনাগাজীতে ছাত্রলীগ কর্মী শামীম হত্যা মামলায় ছাত্রলীগ নেতা সাঈদ আনোয়ার প্রকাশ আনোয়ার হোসেনকে (২৮) অস্ত্রসহ গ্রেফতার করেছে র্যাব।

র্যাব জানায়, গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে সোনাগাজীর জিরো পয়েন্ট সংলগ্ন আওয়ামী লীগের কার্যালয়ের সামনে থেকে সোমবার তাকে গ্রেফতার করা হয়।

এসময় তার কাছ থেকে একটি বিদেশি পিস্তল, একটি ম্যাগজিন ও দুই রাউন্ড গুলি উদ্ধার করা হয়। তার বিরুদ্ধে গত বছর ঈদুল আযহার রাতে আমিরাবাদ ইউনিয়ন ছাত্রলীগ কর্মী মো. শামীমকে হত্যা, পুলিশের ওপর হামলা, ছিনতাইসহ বিভিন্ন সময় এলাকায় আধিপত্য বিস্তার নিয়ে সশস্ত্র সংঘর্ষের বিভিন্ন অভিযোগ আছে। আনোয়ার আমিরাবাদ ইউনিয়নের তিন বাড়িয়া গ্রামের মো. হানিফের ছেলে।

মেহেরপুর ছাত্রলীগের উদ্যোগে মাস্ক বিতরণ

মেহেরপুর সরকারি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ ছাত্রলীগের উদ্যোগে জনসাধারণের মাঝে দুই’শ মাস্ক বিতরণ করা হয়।

বুধবার সকালে সরকারি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ ছাত্রলীগের তানমুন ইসলাম মাস্ক বিতরণ কর্মসূচী উদ্বোধন করেন।

এসময় তিনি বলেন সারা বিশ্বের ন্যায় বাংলাদেশেও প্রাণঘাতী করোনাভাইরাসের আক্রান্তের সংখ্যা দিন দিন বেড়েই চলেছে। তারই পরিপেক্ষিতে জনপ্রসাশন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেনের নির্দেশে ও মেহেরপুর জেলা ছাত্রলীগের সভাপতি আব্দুস সালাম বাঁধনের দিক নির্দেশনায় সরকারি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ ছাত্রলীগ এর পক্ষ

থেকে সাধারণ মানুষের মাঝে আমরা মাস্ক বিতরণ করছি।

এর আগেও আমরা বিভিন্ন জায়গায় শতাধিক বৃক্ষরোপণ ও মাস্ক বিতরণ করেছি। তিনি আরও বলেন করোনা ভাইরাস এর মহামারী সমাপ্তি না হচ্ছে ততদিন মেহেরপুর সরকারি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ ছাত্রলীগ জনসাধারণের জন্য স্বেচ্ছায় কাজ করে যাবে।

এ সময় উপস্থিত ছিলেন মেহেরপুর টেকনিক্যাল স্কুল এন্ড কলেজের সাধারণ সম্পাদক আরিফুল ইসলাম আরিফ, জেলা ছাত্রলীগের সদস্য আসিক মাহমুদসহ ইমন, রিমন, মাইনুর শেখ বিপ্লবসহ প্রমুখ

মেহেরপুরে ছাত্রলীগ নেতার ঈদ উপহার বিতরণ

করোনা মহামারীর কারণে সাধারণ অসহায় কর্মহীন খেটে খাওয়া মানুষের মাঝে খাদ্য সামগ্রী বিতরণ করা হয়।

বুধবার সকাল ১০ টার সময় মেহেরপুর সদর উপজেলার আমদাহ গ্রামে জেলা শাখা ছাত্র লীগের সহ-সভাপতি তানভিরের নিজ উদ্যোগে ৫০০ টি পরিবারের মধ্যে এই ঈদ সামগ্রী বিতরণ করে।

তানভির জানান, বিগত ৩০ এ এপ্রিল প্রায় ৩০০ পরিবারের মধ্যে খাদ্য সামগ্রী বিতরণ করছি।

তারই পরিপেক্ষিতে আজ আমরা ৫০০ পরিবারের মধ্যে এই ঈদ উপহার সামগ্রী বিতরণ করেছি। আশা করি আগামীতেও সহযোগিতা করবো ইনশাআল্লাহ।

কুষ্টিয়ায় ইবি ছাত্রলীগের ফ্রি সবজি বিতরণ

সাধারন ছুটিতে আয় বন্ধ হয়ে মানবেতর জীবন যাপন করা দিনমুজুর, শ্রমিক ও নি¤œ আয়ের মানুষের মাঝে ২য় পর্যায়ে ফ্রি সবজি বিতরণ করেছে ইবি ছাত্রলীগের নেতা-কর্মীরা।

গতকাল শুক্রবার সকাল ১১টায় কুষ্টিয়া শহরের সাদ্দাম বাজার মোড়ে ইবি ছাত্রলীগ নেতা মিজানুর রহমান লালন ও ফয়সাল সিদ্দিক আরাফাতের নেতৃত্বে একদল কর্মী ভ্রাম্যমাণ ফ্রি সবজী বিতরণ কর্মসুচীতে যোগদেন।

তারা সেখানে সামাজিক দুরুত্ব মেনে সাধারন মানুষের হাতে নানা পদের সবজি তুলে দেন। সেখানেও সবজি সংগ্রহ করে সাধারণ লোকজন।
সবজির মধ্যে ছিল লাউ, লাল শাক, মিষ্টি কমুড়া, শসা ও বাধাকপি। কয়েক শত মানুষ এসব সবজি পেয়ে কৃতজ্ঞতা জানায়।

এ বিষয়ে ইবি শাখা ছাত্রলীগের সাবেক ছাত্র বিষয়ক সম্পাদক শেখ মিজানুর রহমান লালন বলেন, করোনা ভাইরাসের প্রাদুর্ভাবের কারণে প্রধানমন্ত্রী শেখ হাসিনার নির্দেশে মানুষকে নিরাপদ রাখার লক্ষ্যে দেশে লকডাউন ঘোষণা করা হয়েছে। লকডাউনের কারণে সমাজের অসহায় মানুষদের যেন না খেয়ে থাকতে হয়। সেজন্য অসহায় মানুষের সেবাই আমরা ইবি ছাত্রলীগের সাধারণ কর্মীরা দ্বিতীয় বারের মতো বিনামূল্যে সবজি বিতরণ করছি।

মানুষ বাঁচলে টিকে থাকবে মানবতা উল্লেখ করে লালন আরও বলেন, কর্মহীন হয়ে পড়া এসব দিনমজুর অসহায় মানুষদের মাঝে চাল ডাল তেল সামগ্রী বিতরণ করলেও আমরা কুষ্টিয়াতে এই উদ্যোগ গ্রহণ করেছি ফ্রী সবজী দেওয়ার।

এরআগে গেলো সোমবার শহরের বিভিন্ন স্পটে ৮০ মন সবজি বিতরণ করা হয়। এতে করে খেটে খাওয়া মানুষের কিছুটা হলেও উপকারে আসছে। আসুন আমরা সবাই মিলে খেটে খাওয়া অসহায় হত দরিদ্র মানুষের পাঁশে দাঁড়ায়।

এর আগে ইবি ছাত্রলীগের নেতা লালন ও আরাফাতের নেতৃত্বে করোনা ভাইরাস প্রতিরোধে হ্যান্ড স্যানিটাইজার হাত ধোয়ার সাবান

সচেতনতা মূলোক প্রচার পত্র এবং বিভিন্ন দোকানিদের মাঝে হ্যান্ড গ্লাভস বিতরণ করেন।

এসময় ছাত্রলীগের কর্মী পল্লব, মামুন জামিল শেখ সহ স্থানীয়রা উপস্থিত ছিলেন।